

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৫১

আগরতলা, ১৮ ফেব্রুয়ারি, ২০২৬

আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও জিবিপি
হাসপাতালের রক্ত সঞ্চালন বিভাগে স্ব রক্ত সঞ্চালন চালু



আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালের রক্ত সঞ্চালন বিভাগে রোগীদের উন্নত ও নিরাপদ চিকিৎসা পরিষেবা প্রদানের লক্ষ্যে স্ব রক্ত সঞ্চালন পরিষেবা চালু করা হচ্ছে। এই আধুনিক পদ্ধতির মাধ্যমে রোগী নিজেই নিজের রক্ত সংরক্ষণ করে ভবিষ্যতে প্রয়োজন অনুযায়ী তা ব্যবহার করতে পারবেন। এই ব্যবস্থায় অপারেশন বা নির্ধারিত অস্ত্রোপচারের পূর্বে রোগীর কাছ থেকে রক্ত সংগ্রহ করে নির্দিষ্ট পদ্ধতিতে সংরক্ষণ করা হয় এবং প্রয়োজনে সেই রক্তই পুনরায় রোগীকে সঞ্চালন করা হয়। এর ফলে অন্যের রক্ত গ্রহণের প্রয়োজন কমে এবং সংক্রমণ ও অন্যান্য জটিলতার ঝুঁকি উল্লেখযোগ্যভাবে হ্রাস পায়।

স্ব রক্ত সঞ্চালনের প্রধান সুবিধাসমূহ হল, অন্যের রক্ত গ্রহণজনিত সংক্রমণের ঝুঁকি(যেমন হেপাটাইটিস, এইচআইভি ইত্যাদি)হ্রাস, রক্তের গ্রুপ অমিল না হওয়ার ঝুঁকি থাকে না, রোগীর ইমিউন প্রতিক্রিয়া ও অ্যালার্জির সম্ভাবনা কম। রক্তের স্বল্পতার সময়েও নিরাপদ বিকল্প হিসেবে এটি কার্যকর। পরিকল্পিত অস্ত্রোপচারের ক্ষেত্রে রোগীর আত্মবিশ্বাস বৃদ্ধি পায়। তবে কিছু সীমাবদ্ধতাও রয়েছে। যেমন, সব রোগীর ক্ষেত্রে এই পদ্ধতি প্রযোজ্য নয়, বিশেষ করে যাদের হিমোগ্লোবিন কম বা গুরুতর অসুস্থতা রয়েছে। জরুরি অবস্থায় এই ব্যবস্থা সবসময় সম্ভব নয়। সংরক্ষণ ও ব্যবস্থাপনায় অতিরিক্ত অবকাঠামো ও প্রশিক্ষণের প্রয়োজন হয়। সময়মতো রক্ত সংগ্রহ ও পরিকল্পনা প্রয়োজন। এই পরিষেবা চালুর মাধ্যমে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতাল রাজ্যের রোগীদের জন্য আরও আধুনিক, নিরাপদ ও মানসম্মত চিকিৎসা প্রদানে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। সংশ্লিষ্ট বিভাগ ইতোমধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ, যন্ত্রপাতি ও প্রোটোকল প্রস্তুত করেছে এবং খুব শীঘ্রই রোগীরা এই পরিষেবার সুবিধা গ্রহণ করতে পারবেন। রোগী ও সাধারণ জনগণকে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শের জন্য হাসপাতালের রক্ত সঞ্চালন বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। উল্লেখ্য ঋষ্যমুখের বাসিন্দা সুমন বৈদ্য প্রণবানন্দ বিদ্যামন্দিরে কর্মরত। গত ১৩ ফেব্রুয়ারি, ২০২৬ নিজের রক্ত এজিএমসি ব্লাড ব্যাংকে তিনি তার রক্ত পরবর্তী সময়ে তার অপারেশনের কাজে লাগানোর জন্য জমা রাখেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
